

সিগন  
- ৪৪

## লাকসামে বিনামূল্যের পাঠ্যবই সরবরাহে টাকা আদায়ের অভিযোগ

প্রতিনিধি, লাকসাম (কুমিল্লা)

প্রত্যেকে ওই দিন ২০০ টাকা করে ওই কর্মকর্তাকে দিয়েছেন। আগের দফায়ও অনুরূপ ২০০ টাকা হারে দিয়েছেন।

লাকসাম- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের বিরুদ্ধে এবতেদায়ি মাদ্রাসায় বিনামূল্যের পাঠ্যবই সরবরাহে অর্থ আদায়ের অভিযোগ পাওয়া গেছে।

জানা যায়, ওই কর্মকর্তা লাকসাম উপজেলার সংযুক্ত ১৮টি, স্বতন্ত্র ৮টি, নবগঠিত মনোহরগঞ্জ উপজেলার সংযুক্ত ১৪টি, নবগঠিত কুমিল্লা সদর (দ.) উপজেলার সংযুক্ত ৩৪টি, স্বতন্ত্র ৭টিসহ মোট ৮১টি মাদ্রাসার সরকারি পাঠ্যবই দু'দফায় বিতরণ করেন।

পাঠ্যবই বিতরণকালে শিক্ষা কর্মকর্তা ওইসব মাদ্রাসার কর্তৃপক্ষের কাছ থেকে প্রতি দফায় ২০০ থেকে ৩০০ টাকা হারে বাধ্যতামূলকভাবে আদায় করেছেন।

এ ব্যাপারে মঙ্গলবার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবিএম আবদুল হান্নানের কাছে জানতে চাইলে তিনি বলেন, পরিবহন খরচ বাবদ ২০০ থেকে ৩০০ টাকা নেয়া হচ্ছে। বিষয়টি জেলা শিক্ষা কর্মকর্তাও জানেন।

এ সময় পাঠ্যবই নিতে আসা লাকসাম উপজেলার ছিলইন মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বাসুয়াইন মাদ্রাসার সুপার, মনোহরগঞ্জ উপজেলার বিপুলাসার মাদ্রাসার অধ্যক্ষ জানান, তারা